

অবেলা

সুপর্ণা ঔট্টাচার্য

নিস্তরু নিরালয় হারিয়ে যায় জীবনের তরঙ্গ
ছন্দহীন রঙে ভেসে বেড়ায়
আশা আকাঙ্ক্ষা ভালোবাসার স্বপ্ন।

ভেঙে চৌচির হয় হৃদয়ের মণিকোঠায়
সযত্নে লালিও লাল গোলাপের সুবাস।

ব্যস্তওম জীবনের হুঁদুর দৌড়ের
প্রতিযোগিতার
প্রতিধ্বনিতে আমার আমিকে বিসর্জন দেই।

হতাশার নিরলস হাওছানিতেও
বাঁচার রসদ যোগায় এক পুশলা বৃষ্টি
কিংবা ভোরের শিশির ভেজা সবুজ পাতা

* * *